

পাঁচ ঘণ্টা অনশন করলেন প্যানেলভুক্ত শিক্ষকরা আজ থেকে আমরণ অনশন

নিজের প্রতিবেদক

সদ্য জাতীয়করণকৃত প্রাথমিক বিদ্যালয়ে নিয়োগের জন্য অনশন শুরু করেছেন বেসরকারি রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের জন্য প্যানেলভুক্ত শিক্ষকরা। গতকাল রবিবার কেন্দ্রীয় পহীদ বিনারে সকাল ৯টা থেকে দুপুর ২টা পর্যন্ত পাঁচ ঘণ্টা অনশন কর্মসূচি পালন করেন তাঁরা। আমরণ অনশনের প্রতি নিয়ে এনেও পহীদ বিনারে এ কর্মসূচি পালনের অনুমতি না থাকায় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা তাঁদের সঙ্গে যেতে বলেন। দুপুর ২টায় কর্মসূচি স্থগিত করে আজ সোমবার সকাল থেকে পোহরাওয়াদী উদ্যানে আমরণ অনশন করার ঘোষণা দেন শিক্ষকরা।

অনশন কর্মসূচিতে বক্তব্য বলেন, গত বছরের ১ এপ্রিল রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের জন্য ৪২ হাজার জনকে পাঁচ বছরের জন্য প্যানেলভুক্ত করা হয়। গত বছরই সেখান থেকে ১৪

হাজার শিক্ষককে বিভিন্ন বিদ্যালয়ে নিয়োগ দেওয়া হয়। এ বছর থেকে সব বিদ্যালয় জাতীয়করণের ঘোষণা দেওয়া হলে প্যানেলভুক্ত শিক্ষকদের নিয়োগের কাজ দেওয়া হয়।

শিক্ষকরা বলেন, আমাদের বেশির ভাগের 'সরকারি' চাকরির বয়স ইতিমধ্যে পার হয়ে গেছে। ২৬ হাজার রেজিস্টার্ড ও স্বীকৃতিপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ হওয়ার পর প্রতিটি বিদ্যালয়ে আরো একজন শিক্ষকের প্রয়োজন হবে। আমাদের এ প্যানেল থেকে সহজেই নিয়োগ দেওয়া যায়। আমরা সব ধরনের পরীক্ষায় উত্তীর্ণ হয়েই প্যানেলভুক্ত হয়েছি।

কর্মসূচিতে বক্তব্য দেন প্যানেলভুক্ত শিক্ষক সংগঠনের সভাপতি অণু সরকার, মহাপরিচি এম নাছিমুল হক, প্রধান উপদেষ্টা মো. হাবিবুল রহমান, সাংগঠনিক সম্পাদক শামীম আল নানুন, প্রচার সম্পাদক ইসমাইল হোসেন প্রমুখ।